


## ছেলের মৃত্যুতে ক্ষতিপূরণের অর্থ অ্যাম্বুল্যান্সের জন্য দান মায়ের



সেই অ্যাম্বুল্যান্স। বিরল দৃশ্য। সজীব সম্ভবকে তুলে দিচ্ছেন পদ্মরানী ঠাকুর।

স্টাফ রিপোর্টার : পুলিশি হেফাজতে ছেলের মৃত্যুর ঘটনার জেরে আদালতের নির্দেশে পাওয়া ক্ষতিপূরণের পাঁচ লক্ষ টাকা অ্যাম্বুল্যান্সের জন্য দান করে নজির গড়লেন হাওড়ার বালিটিকুরির বৃদ্ধা পদ্মরানী ঠাকুর। হাওড়ার গোলাবাড়ি থানার পুলিশি হেফাজতে থাকাকালীন ১৯৮০ সালে মৃত্যু হয়েছিল পূর্ব রেলের কর্মী, বালিটিকুরির বাসিন্দা কমল ঠাকুরের। এরপর হাইকোর্ট অভিব্যক্তি পুলিশ কর্মীদের দোষী সাব্যস্ত করে এবং কমলের বৃদ্ধা মা পদ্মরানীদেবীকে পাঁচ লক্ষ টাকা ক্ষতিপূরণের নির্দেশ দেয় রাজ্য সরকারকে। শুক্রবার এক অনুষ্ঠানের মাধ্যমে ওই টাকায় একটি অ্যাম্বুল্যান্স বালিটিকুরির একটি ক্লাব সজীব সম্ভবকে দিলেন পদ্মরানীদেবী তথা ঠাকুর পরিবার। এই উপলক্ষে এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মানবাধিকার কর্মী সুজাত ভদ্র, মাসুমের কিরিটি রায়, বিধায়ক ডাঃ জগন্নাথ ভট্টাচার্য, সমাজসেবী বিভাস হাজরা প্রমুখ।

ছবি : অমিয় পাত্র